

জনাব মো. আনিছুর রহমান এর জন্ম ৩১ ডিসেম্বর ১৯৬২ শরীয়তপুর জেলায়। তিনি চাঁদপুর হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি. এবং চাঁদপুর কলেজ হতে এইচ.এস.সি. সম্পন্ন করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগ হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

তিনি ১৯৮৫ ব্যাচের বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য হিসেবে ১৫ ফেব্রুয়ারি ১৯৮৮ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করেন। চাকুরি জীবনে তিনি সহকারী কমিশনার , উপজেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, অর্থ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। উপসচিব হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগে দায়িত্ব পালন করেন। যুগ্ম-সচিব পদে পদোন্নতি প্রাপ্তির পর তিনি স্থানীয় সরকার বিভাগ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে অতিরিক্ত সচিব হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে দায়িত্ব পালন করেছেন। তিনি গত ১৪.০৯.২০১৭ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ভারত , নেপাল, মালদ্বীপ, শ্রীলংকা, থাইল্যান্ড, মিয়ানমার, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, সিংগাপুর, ভিয়েতনাম, হংকং, দক্ষিণ কোরিয়া, চীন, জাপান, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালী, সংযুক্ত আরব আমিরাত, কাতার, রাশিয়া, ফিলিপাইন, সুইজারল্যান্ড, বেলজিয়াম, নেদারল্যান্ড, অস্ট্রিয়া, চেক রিপাবলিক, তুরস্ক, নরওয়ে, স্পেন, পর্তুগাল, গ্রেনেডা, কানাডা, যুক্তরাষ্ট্র, মালাওয়ি, দক্ষিণ আফ্রিকা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ব্রাজিল, সৌদি আরবসহ পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। সালমা সুলতানা রূপালী তাঁর স্ত্রী। তাঁদের এক কন্যা ও এক পুত্র সন্তান রয়েছে।

Md. Anisur Rahman was born on 31st December, 1962 in Shariatpur district. He had completed his Secondary School Certificate and Higher Secondary Certificate examination from Chandpur Hasan Ali Government High School and Chandpur College respectively. He has obtained Honors and Masters Degree from the Department of Geography, University of Dhaka.

He is also a member of BCS (Administration) cadre belonging in 1985 batch and joined on 15th February 1988. He served in various capacities in the field service as Assistant Commissioner, Upazila Magistrate, Upazila Nirbahi Officer. Apart from these he served as Assistant Secretary/Senior Assistant Secretary in the Cabinet Division, Local Government Division, Finance Division, Ministry of Fisheries and Livestock, Ministry of Home Affairs. He worked as Deputy Secretary in the Ministry of Fisheries and Livestock, Local Government Division. He also served in the Local Government Division and the Ministry of Fisheries and Livestock as Joint Secretary. Later he served as an Additional Secretary in the Ministry of Fisheries and Livestock and Public Security Division of the Ministry of Home Affairs. He has been serving as Secretary in-Charge in the Ministry of Religious Affairs since 14th September 2017.

As part of the official duty, Mr. Rahman visited different countries around the globe including India, Nepal, Maldives, Srilanka, Thailand, Myanmar, Indonesia, Malaysia, Singapore, Vietnam, Hongkong, South Korea, China, Japan, United Kingdom, France, Germany, Italy, United Arab Emirates, Qatar, Russia, Philippines, Switzerland, Belgium, Netherlands, Austria, Czech Republic, Turkey, Norway, Spain, Portugal, Geneva, Canada, United States of America, Malawi, South Africa, Australia, Newzealand, Brazil, Saudi Arabia. In his personal life he is married. Mrs. Salma Sultana Rupali is his wife. They are blessed with one daughter and one son.